# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2015**
**SECOND YEAR**

Date : 30/05/2015 **BENGALI (General)**
Time : 10.30 am – 1.30 pm Paper : IV Full Marks : 75

১। ক) ‘কেউ কথা রাখেনি’ কবিতার প্রথম পংক্তিতে উচ্চারিত ‘কেউ কথা রাখেনি’ এবং শেষ পংক্তিতে ‘কেউ কথা রাখে না’ কোনো ভিন্ন তাৎপর্য বহন করে কি—আলোচনা করো। (১০)

**অথবা**

খ) ‘দেশ দেখাচ্ছ অন্ধকারের মধ্যে তুমি
বার করেছ নতুন খেলা।’—দেশ দেখানোর পন্থাকে ‘নতুন খেলা’ বলা হয়েছে কেন? দেশকে কিভাবে যথার্থ দেখা যায়? (১০)

২। ক) ‘আমার ভারতবর্ষ’ শীর্ষক কবিতায় কবি ‘আমার’ শব্দটি কোন্ শ্রেণী-দৃষ্টিকোণ থেকে ব্যবহার করেছেন, কেন করেছেন? (২ + ৩)

**অথবা**

খ) ‘কোনোদিন ব্যাঙের খাঁটি কথাটি কি পেরেছি লিখতে—
আর সেই নেড়ী কুকুরের ট্র্যাজেডি।’ —কার লেখা? উক্তিটি ব্যাখ্যা করো। (১ + ৪)

৩। ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গের ‘অভিষেক’ নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো। (১০)

**অথবা**

খ) ‘ভূতলে অতুল সভা স্ফটিকে গঠিত’ —এখানে যে সভার উল্লেখ আছে তার ঐশ্বর্য ও সৌন্দর্য-এর বর্ণনা দিয়ে কাব্যে তার প্রাসঙ্গিকতা আলোচনা করো। (১০)

৪। যে কোনও **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ (২ × ৫)

ক) ‘একটি রতন মোরে দিয়াছিল বিধি
কৃপাময়, দীন আমি থুয়েছিনু তারে
রক্ষাহেতু তব কাছে’ —বক্তা কে? উদ্ধৃতির প্রসঙ্গটি নির্দেশ করে এখানে বক্তার চরিত্রের কোনদিকটি প্রকাশিত হয়েছে লেখো। (১ + ৪)

খ) ‘কহিও তাঁরে এ কনক- পুরী
ত্যজিয়া, বৈকুণ্ঠধামে ত্বরা যাব আমি।’ —কে কাকে কখন এই কথাগুলি বলেছে? (১ + ১ + ৩)

গ) ‘গৌড়জন যাহে আনন্দে করিবে পান
সুধা নিরবধি’—‘গৌড়জন’ কাদের বোঝানো হয়েছে? এখানে কোন্ সুধা পানের কথা বলা হয়েছে? (১ + ৪)

ঘ) ‘ত্বরায় আমি আসিব ফিরিয়া
কল্যাণি সমরে নাশি, তোমার কল্যাণে
রাঘবে।’ —কার উক্তি? এখানে বক্তার মনোভাবের পরিচয় দাও। (১ + ৪)

৫। ক) ‘সংসারের জমি থেকে প্রেমকে উৎপাটিত করে আনলে সে আপনার রস আপনি যোগাতে পারে না, তার মধ্যে বিকৃতি ঘটতে বাধ্য।’ —উক্তিটির সাপেক্ষে বিক্রমদেবের চরিত্রটি আলোচনা করো। (১০)

**অথবা**

খ) ‘রাজা ও রাণী’ নাটকের সুমিত্রা চরিত্রটির বৈশিষ্ট্য নির্দেশ করো। (১০)

৬। যে কোনও **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ (২ × ৫)

ক) ‘আমারে বেসো না ভাল রাজশ্রীর চেয়ে’ —কে কাকে বলেছেন? কথাগুলির তাৎপর্য লেখো। (২ + ৩)

খ) ‘আজো রমণীর মন নারিনু বুঝিতে।’ —বক্তা কে? তিনি কি সত্যিই রমণীর মন বুঝতে পেরেছিলেন? (১ + ৪)

গ) ‘নারী তুমি, নারীর হৃদয়
জান তুমি- বল দাও জননী আমারে।’ —উক্তিটির বক্তা কে? জননীর কাছে তিনি কী বল প্রার্থনা করেছেন? (১ + ৪)

ঘ) ‘প্রজার ক্রন্দন শুনে পারিনে তিষ্ঠিতে
অন্তঃপুরে। এসেছি করিতে প্রতিকার।’ —বক্তা কে? প্রজার ক্রন্দন তিনি কতটা প্রতিকার করতে পেরেছিলেন? (১ + ৪)

৭। ক) ‘মেঘদূত’ কাব্যের কাব্যসৌন্দর্যে মুগ্ধ হওয়ার সঙ্গে সঙ্গে কবি এই কাব্যে একটি নিগূঢ় তত্ত্বেরও সন্ধান পেয়েছিলেন। তোমার পাঠ্য ‘মেঘদূত’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টি আলোচনা করো। (১০)

**অথবা**

খ) ‘শিক্ষার বাহন’ প্রবন্ধ অনুসারে রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তা আলোচনা করো। (১০)

৮। যে কোনও **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ (২ × ৫)

ক) ‘দর্শন কোথায় গেল’ — কোন প্রবন্ধের অংশ? সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো। (১ + ৪)

খ) ‘অন্ধকারে মানুষ বিছিন্ন হয়’ — কোন প্রবন্ধের অংশ? প্রাবন্ধিক কেন একথা বলেছেন? (১ + ৪)

গ) ‘মত্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া’ — উদ্ধৃত উক্তিটি কোন প্রবন্ধের অন্তর্গত? পংক্তিটি ব্যবহারের সার্থকতা আলোচনা করো। (১ + ৪)

ঘ) ‘তাই ফসলের সব চেয়ে বড়ো বন্ধু বৃষ্টি।’ সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো। (৫)

———— × ————